কালের কণ্ঠ

তারিখ: 28 OCT 2016
পৃষ্ঠা: ২ কলাম: ১

রোকেয়া বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ ভর্তি পরীক্ষার সূচি চূড়ান্ত

**রংপুর অফিস ▷**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। বুধবার বিকেলে উপাচার্য অধ্যাপক ড. এ কে. এম নুর-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী কলা অনুষদভুক্ত 'এ' ইউনিটের পরীক্ষা চার শিফটে ১৩ নভেম্বর সকাল ৯টা, সাড়ে ১১টা, দুপুর ২টা ও বিকেল ৪টায় হবে। সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটের পরীক্ষা চার শিফটে আগামী ১৪ নভেম্বর সকাল ৯টা, সাড়ে ১১টা, দুপুর ২টা ও বিকেল ৪টায় হবে। বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'সি' ইউনিটের পরীক্ষা দুই শিফটে আগামী ১৫ নভেম্বর সকাল ৯টা ও সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে। বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের পরীক্ষা মোট তিন শিফটে আগামী ১৬ নভেম্বর সকাল ৯টা, সাড়ে ১১টা ও দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ই' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে আগামী ১৭ নভেম্বর সকাল ৯টা ও সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে। জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত 'এফ' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে আগামী ১৭ নভেম্বর দুপুর ২টা ও বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে।